



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ঝণ আদায় বিভাগ।

Email:dgmrecovery@Krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং কর্মসূচি
ফোনঃ ০২২৩৩৮৩১৬৫

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২৪-২০২৫/৭৭

তারিখঃ ১৫-০৮-২০২৪ খ্রি:

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য প্রণীত বার্ষিক ঝণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঝণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ
ও ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন প্রসংগে।**

মহোদয়

বাংলাদেশ কৃষি ব্যাংকের ২০২৩-২০২৪ অর্থ বছরে শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঝণ আদায় লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত না হওয়ায় ৩০-০৬-২০২৪ সুত্র তারিখে শ্রেণীকৃত ঝণ স্থিতির পরিমাণ দাঁড়িয়েছে ৪৩২৯.৭১ কোটি টাকা। ৫২-স্থগিত সুদ আয়খাতে স্থানান্তর এবং অবলোপনকৃত ঝণ আদায়ের বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে ২০২৩-২০২৪ অর্থবছর শেষে অত্র ব্যাংকের লোকসানের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে নামিয়ে আনা সম্ভব হয়নি, যা কোনভাবেই কাম্য ছিল না।

০২। ব্যাংকের স্বার্থ অঙ্গুল রাখা, আর্থিক ভিত্তি মজবুত করা ও আয় বৃদ্ধির লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে শ্রেণীকৃত ঝণ স্থিতির ৫৩%, শ্রেণীযোগ্য ও দিগ্নের আওতায় আদায়যোগ্য ঝণ স্থিতির ১০০% এবং অবশিষ্ট পুনঃতফসিলকৃত ঝণ স্থিতির ৫৬% ঝণ আদায় লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিতকরণপূর্বক ব্যাংকের আয় বৃদ্ধির লক্ষ্যে বাস্তবিভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ একান্ত আবশ্যিক।

০৩। ২০২৪-২০২৫ অর্থবছরে ঝণ বিতরণ ও আমানত সংথাহে গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহ ৪,০০,০০০ জন নতুন ঝণগ্রহীতাকে ঝণ প্রদান; ৬,৬০,১৯০ নতুন কম সুদবাহী আমানত হিসাব খোলাসহ ৩,৫০,০০০ নতুন আমানত স্কীমের আওতায় হিসাব খুলতে হবে। মাঠ কার্যালয়ে নিয়োজিত নির্বাহী ও প্রয়োটরগণকে বিশেষ করে শ্রেণীকৃত ঝণ, শ্রেণীযোগ্য-১ ও ২, দিগ্নের আওতায় আদায়যোগ্য স্বল্প মেয়াদী কৃষি ঝণ, পুনঃতফসিলকৃত ঝণ, ৫২-স্থগিত সুদ হতে আদায় এবং অবলোপনকৃত ঝণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের মাধ্যমে ৩০/০৬/২০২৫ খ্রি: তারিখে শ্রেণীকৃত ঝণ স্থিতির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অনুরোধ করা হলো।

০৪। **২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ১২০(একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর ২০২৪) বিশেষ কর্মসূচী সফল করা এবং বার্ষিক ঝণ আদায় লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের মাধ্যমে ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত ও আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে চলতি অর্থবছরের বার্ষিক ঝণ আদায় ক্যালেন্ডার প্রণয়ন করা হলো :**

(ক) **ঝণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণের সময়কাল ও ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প আয়োজনের তারিখ :**

ক্রঃনং	মাসের নাম	মহাক্যাম্প আয়োজনের তারিখ
০১	সেপ্টেম্বর, ২০২৪	১৮ সেপ্টেম্বর, ২০২৪
০২	অক্টোবর, ২০২৪	২৩ অক্টোবর, ২০২৪
০৩	নভেম্বর, ২০২৪	১৭-২১ নভেম্বর, ২০২৪
০৪	ডিসেম্বর, ২০২৪	১২ ও ২৬ ডিসেম্বর, ২০২৪
০৫	জানুয়ারি, ২০২৫	২২ জানুয়ারি, ২০২৫
০৬	ফেব্রুয়ারি, ২০২৫	১৯ ফেব্রুয়ারি, ২০২৫
০৭	এপ্রিল, ২০২৫	১৫, এপ্রিল, ২০২৫
০৮	মে, ২০২৫	২২-২৮ মে, ২০২৫
০৯	জুন, ২০২৫	১৮ ও ২৫ জুন, ২০২৫

(খ) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহ উল্লেখিত মহাক্যাম্পের নির্ধারিত তারিখে মাঠকর্মীদের সমন্বয়ে শাখা প্রাঙ্গনে অথবা সুবিধাজনক স্থানে ক্যাম্প/মহাক্যাম্পের আয়োজন করবে;

(গ) উল্লিখিত মহাক্যাম্প আয়োজনের দিন ছাড়াও প্রতি সপ্তাহে সুবিধাজনক দিন ও সময়ে ঝণ আদায়ের ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন করবে;

(ঘ) উল্লেখ্য, উপরোক্ত ঝণ আদায় মহাক্যাম্প আয়োজনের নির্ধারিত তারিখ পরবর্তীতে সরকারী ছুটির আওতাভুজ হলে, সংশ্লিষ্ট দিনের ঝণ আদায় মহাক্যাম্প পরবর্তী কার্যদিবসে আয়োজন করতে হবে।

(ঙ) এছাড়াও, ১৭-২১ নভেম্বর/২০২৪ নবান্ন উৎসব, ১৫ এপ্রিল/২০২৫ তারিখে শুভ হালখাতা এবং ২২-২৮ মে/২০২৫ মধ্যমেলাৰ মূল অনুষ্ঠান আয়োজন করতে হবে। উল্লেখ্য নবান্ন উৎসব, শুভ হালখাতা ও মধ্যমেলা অনুষ্ঠান আয়োজনে পরবর্তীতে প্রয়োজনীয় বিশদ নির্দেশনা প্রদান করা হবে।

০৫। ঝণ আদায় ক্যালেন্ডার মোতাবেক ঝণ আদায় মহাক্যাম্প/ক্যাম্প আয়োজন এবং তা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে সর্বাধিক গুরুত্বান্বোধ করতে হবে:

- (০১) ঝণ গ্রাহীতাগণের তালিকা হালনাগাদকরণ;
- (০২) নোটিশ জারীকরণঃ ডিউ ডেট রেজিস্টার হালনাগাদ করে প্রযোজ্য ক্ষেত্রে ডিমার্ড, লিগ্যাল ও বিশেষ নোটিশ জারীকরণ;
- (০৩) ঝণ গ্রাহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধিকরণ;
- (০৪) শ্রেণীকৃত ঝণ, শ্রেণীযোগ্য ঝণ, দ্বিতীয়ের আওতায় আদায়যোগ্য স্বল্প মেয়াদী কৃষি ঝণ ও পুনঃতফসিলকৃত ঝণ আদায় কার্যক্রম তুরান্বিতকরণ;
- (০৫) শীর্ষ ২০/৫০/১০০ খেলাপী ঝণগ্রাহীদের নিকট হতে বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে শাখা/অঞ্চল ও বিভাগীয় কার্যালয়ের সাথে প্রতি মাসে দ্বি-পাঞ্চিক আলোচনা সভার আয়োজনপূর্বক খেলাপী ঝণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- (০৬) ৫২-স্থগিত সুদবাহী শ্রেণীকৃত ঝণ, পুনঃতফসিলকৃত ঝণ ও অবলোপনকৃত ঝণ আদায়ের মাধ্যমে আয় বৃদ্ধিকরণ;
- (০৭) তামাদি ঝণ আদায়/নিয়মিতকরণ ও তামাদি রোধকরণ ও ভূয়া ঝণ আদায় কার্যক্রম তুরান্বিতকরণ পূর্বক ব্যাংকের ক্ষতিহ্রাসকরণ;
- (০৮) অর্থ ঝণ আদালত/সার্টিফিকেট আদালতে দায়েরকৃত মোকদ্দমা নিষ্পত্তিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- (০৯) সুদবিহীন ও স্বল্প সুদবাহী আমানত সংগ্রহকরণ;
- (১০) লাভজনক খাতে ঝণ বিতরণ নিশ্চিতকরণ।


০৬। উপরোক্ত কার্যক্রমসমূহ সফলভাবে সম্পাদন ও বাস্তবায়নের লক্ষ্যে ঝণ আদায় বিভাগ হতে ১২-০৮-২০২৪ তারিখে জারীকৃত ঝণ আদায় মহাবিভাগ পরিপন্থ নং-০১/২০২৪ এর নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।

০৭। ঝণ আদায় কার্যক্রমে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সম্প্রস্তুতকরণঃ উল্লিখিত ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীসহ শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপকগণ প্রত্যেকে মাঠকর্মী সহ শাখায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সম্মুক্ত করতে হবে।

০৮। মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক ঝণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ শাখাসমূহ কর্তৃক আয়োজিত ক্যাম্প/মহাক্যাম্প সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনে নির্দেশনা প্রদানের বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বিশেষভাবে গুরুত্বান্বোধ করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে উল্লিখিত ঝণ আদায়ের বিশেষ কর্মসূচিসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্পোরেট শাখা/শাখাসমূহ কর্তৃক আয়োজিত ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে উপস্থিত থাকবেন। ক্যাম্প/মহাক্যাম্প আয়োজন এবং ঝণ আদায় কর্মসূচির সফল বাস্তবায়নে কর্পোরেট শাখা/শাখা পর্যায়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতি পরিলক্ষিত হলে তাক্ষণ্যিকভাবে তাদের বিকাশে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৯। প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীগণ কর্তৃক ঝণ আদায় কার্যক্রম তদারকিকরণঃ উপরোক্ত বার্ষিক ঝণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঝণ আদায়ের বিশেষ কর্মসূচি গ্রহণ ও তা বাস্তবায়নের লক্ষ্যে মাঠ কার্যালয়সমূহের কার্যক্রম প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহী/প্রয়োটরগণ কর্তৃক নির্যামিতভাবে তদারকি কার্যক্রম অব্যাহত রাখবেন।

১০। উপর্যুক্ত অবস্থায়, ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য প্রণীত ঝণ আদায় ক্যালেন্ডার অনুযায়ী ঝণ আদায় ক্যাম্প/মহাক্যাম্প সফলভাবে আয়োজন করে ব্যাংকের সার্বিক কার্যক্রম গতিশীল ও জোরদারকরণ পূর্বক বার্ষিক ঝণ আদায়, বিতরণ ও আমানত সংগ্রহসহ সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রার ১০০% অর্জন এবং ৩০-০৬-২০২৫ সূত্র তারিখে শ্রেণীকৃত ঝণ স্থিতির লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ সালাউদ্দীন রাজীব)

মহাব্যবস্থাপক

ঝণ আদায় মহাবিভাগ

তারিখঃ ১৫-০৮-২০২৪ খ্রি:

নং-প্রকা/আদায়-১(৫৯)/২০২৪-২০২৫/৭৭

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।


০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। সচিব, পর্যবেক্ষণ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র প্রত্যটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।

০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। নথি/মহানথি।



(প্রীর কুমার দাস)

উপমহাব্যবস্থাপক